ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার


নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে



প্রথম সিনেমা মুক্তির পরই অভিনয় ছাড়তে চেয়েছিলেন হৃত্বিক

পৃঃ 7



অধিনায়কদের ফটোশুটে পাকিস্তানে যাবেন না রোহিত

পৃঃ 8

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ০৩০ ● কলকাতা ● ১৭ মাঘ, ১৪৩১ ● শুক্রবার ● ৩১ জানুয়ারী ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## আর জি কর মামলায় তদন্তকারী সিবিআই অফিসারকে শোকজ করল আদালত



বেবি চক্রবর্তী: কলকাতা

আদালতের নির্দেশে আরজি কর মামলার তদন্তভার পেয়েছিল সিবিআই। চিকিৎসককে ধর্ষণ ও খুনের অভিযোগ দিয়ে তদন্তের সূত্রপাত হলেও ক্রমে কেঁচো খুঁড়তে কেউটে বেরিয়ে আসে। সামনে আসে আর্থিক দুর্নীতির অভিযোগ। সেই মামলায় এবার কার্যত নজিরবিহীন নির্দেশ আদালতের। সিবিআই-এর তদন্তকারী অফিসারকেই শোকজ করল

এরপর ৩ পৃষ্ঠায়

## "রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই মাফিয়া": শুভেন্দু অধিকারী



বেবি চক্রবর্তী : কলকাতা

দলীয় কর্মসূচিতে যোগ দিতে কলকাতা থেকে বাগডোগরা বিমানবন্দর এসে পৌছলেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এদিন সকালে কলকাতা থেকে বিমানে করে বাগডোগরা বিমানবন্দরে এসে পৌঁছন তিনি। এরপর বাগডোগরা বিমানবন্দরে সাংবাদিকদের মুখোমুখি হয়ে তিনি বলেন আর জি করের ঘটনায় মৃতের পরিবার সঞ্জয় রায়ের ফাঁসি চাইছেন। তার সঙ্গে তারা চাইছে এই ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের সঞ্জয় রায়ের সঙ্গেই ফাঁসি দেওয়া হোক। মৃতের পরিবারের সঙ্গে আমি প্রথম দিন থেকেই আছি। আর মৃতের বাবাও বলেছেন মমতা বন্দ্যোপাধ্যায় থামুন,বিরোধী দলনেতা আমাদের পরিবারের লোক। এর থেকে বড় প্রাপ্তি আমার হতে পারে না। এর পাশাপাশি তিনি আরো বলেন মমতা বন্দ্যোপাধ্যায় লক্ষাধিক মানুষকে বিষ ইনজেকশন

এরপর ৩ পাতায়






# ৯-ম দুয়ারে সরকার ক্যাম্প অনুষ্ঠিত হলো চুঁচুড়া পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডে

## উপস্থিত পৌরপ্রধান ও জেলা সদর মহকুমা শাসক



**বেবি চক্রবর্ত্তী : হুগলী**

বৃহস্পতিবার সারা রাজ্যের পাশাপাশি হুগলী-চুঁচুড়া পৌরসভার অন্তর্গত ৭ নম্বর ওয়ার্ডে বাংলার অগ্নিকন্যা মমতা বন্দ্যোপাধ্যায়ের স্বপ্নের সমস্ত প্রকল্প দুয়ারে সরকার ক্যাম্পের মধ্য দিয়ে উপকৃত হচ্ছে বহু মানুষ। সেই দুয়ারে সরকার ক্যাম্প অনুষ্ঠিত হলো সাত নম্বর ওয়ার্ডের পক্ষ থেকে কাপাসডাঙ্গা সোনাটুলি মাঠ প্রাঙ্গনে। আজকের এই দুয়ারে সরকার ক্যাম্প পরিদর্শন আসেন পৌর প্রধান অমিত রায়, হুগলি জেলা সদর মহকুমা শাসক স্মৃতি সান্যাল শুক্লা, উপস্থিত ছিলেন কাউন্সিলর রিতা দত্ত,তৃণমূল কংগ্রেসের ভারতের হৃদয় মমতা-অভিষেক সোশ্যাল মিডিয়া জেলা সভাপতি তথা বিশিষ্ট সমাজসেবী স্বপন দত্ত, সোশ্যাল মিডিয়ার তৃণমূলের রাজ্যের কো-অর্ডিনেটর অভিষেক গুপ্তা। দুয়ারা সরকার এই ক্যাম্পে বহু মানুষ উপকৃত হয়েছে এবং সারা ফেলে দিয়েছে। উপস্থিত হয়ে সংবাদ মাধ্যমের মুখোমুখি হয়ে পৌর প্রধান অমিত রায় বলেন দুয়ারে সরকারি ক্যাম্পের মধ্য দিয়ে মানুষ যেভাবে উপকৃত হচ্ছে এতে খুবই ভালো লাগছে। মমতা বন্দ্যোপাধ্যায় সরকার ক্ষমতায় আসার পর লক্ষীর ভান্ডার থেকে শুরু করে কন্যাশ্রী বিভিন্ন প্রকল্প চালু করেছে এবং যাতে মানুষকে প্রকল্পগুলো আনতে দূরে যেতে না হয় তাই বিভিন্ন ওয়ার্ডে দুয়ারে সরকার ক্যাম্প অনুষ্ঠিত হয়ে আসছে। স্বপন দত্ত বলেন মানুষ উপকৃত হচ্ছে ওই জন্য এত ভিড় হচ্ছে দুয়ারে সরকার ক্যাম্পে।

## মেয়রকে ডাকুন', ট্যাংরায় বেআইনি নির্মাণ ভাঙতে গেলে উত্তেজনা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা :-** ট্যাংরার ক্রিস্টোফার রোডে হেলে পড়া নির্মীয়মাণ বহুতল ভাঙার কাজ শুরু হওয়ার কথা। সেই মতো পৌঁছে গিয়েছেন কলকাতা পুরসভার লোকজন এবং পুলিশ। কিন্তু বাড়ি ভাঙাকে কেন্দ্র করে উত্তেজনা ছড়াল এলাকায়। সেখানে পৌঁছেছেন ফ্ল্যাট এবং জমির মালিকরাও। নির্মীয়মান বাড়ির ভিতরে ঢুকে পড়েছেন মহিলা এবং পুরুষরা। ভিতর থেকে লোহার গেটে আটকে দিয়েছেন তাঁরা। পুলিশ ও পুরসভার কর্মীদের ভিতরে ঢুকতে দেওয়া হবে না বলে সাফ জানাচ্ছেন। বাড়ি তৈরির সময় যখন টনক নড়েনি, এখন কেন ভাঙতে এত তৎপরতা, প্রশ্ন তুলেছেন মহিলারা। জানিয়েছেন, বাড়ি ভাঙতে দেবেন না তাঁরা।

এরপর ৬ পাতায়

# পুলিশ কর্মীদের শরীরচর্চা করার নিদান দিলেন স্বয়ং পুলিশ কর্তা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**কলকাতা :-** গত বছর উত্তরবঙ্গের প্রশাসনিক বৈঠক থেকে ভারী চেহারার এক পুলিশ কর্তার উদ্দেশ্যে রাজ্যের প্রশাসনিক প্রধানের পরামর্শ ছিল, 'এবার একটু শরীরচর্চা করুন'। "হ্যাঁ, ম্যাডাম করি তো" জবাব শুনে রেগে গিয়েছিলেন মমতা বন্দ্যোপাধ্যায়।বিরক্তির সুরে বলেছিলেন, "কী হাঁটাহাঁটি করেন সেটা তো আপনার মধ্যপ্রদেশ দেখেই বোঝা যাচ্ছে!" হাসির রোল উঠেছিল সেই বৈঠকে।দেরিতে হলেও প্রশাসনিক প্রধানের সেই পরামর্শই এবার নির্দেশ আকারে শোনালেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। এদিন কলকাতা পুলিশের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠানে পুলিশ কর্মীদের শারীরিক গঠন নিয়ে অসন্তোষ প্রকাশ করেন নগরপাল মনোজ ভার্মা। সাফ জানিয়ে দেন, ফিজিক্যাল ফিটনেস খুবই জরুরি। এজন্য এখন থেকে প্রত্যেক পুলিশ কর্মীকে দেড় থেকে দু'ঘণ্টা শরীর চর্চার নির্দেশও দেন তিনি।

পরে সাংবাদিকদের সঙ্গে কথা বলার সময় সিপি বলেন, "আমাদের পেশায় শারীরিক ভাবে ফিট থাকা অত্যন্ত জরুরি। সবাই আমি বলেছি, শরীর চর্চার জন্য দিনে দেড় থেকে দু'ঘণ্টা দিতে। সকালে বা বিকেলে, যখন হোক এটা করতে হবে। আমরা ফিজিক্যাল ফিট যদি থাকি তাহলে কাজে আমাদেরই সুবিধা হবে।প্রসঙ্গত, ফিটনেসের নিরিখে এখনও অনেককে টেক্কা দিতে পারেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। গত ২৩ জানুয়ারি তা চাক্ষুষ করেছিল আলিপুরদুয়ারের সুভাষিণী চা বাগানে হাজির হওয়া হাজার হাজার মানুষ।

অনুষ্ঠান শেষে দিদি, দিদি সম্বোধন শুনে হাসিমুখে জনতার ভিড়ের দিকে শুধু এগিয়েই যাননি, নিরাপত্তার কারণে তিন ধাপে যে বাঁশের ব্যারিকেড তৈরি করা হয়েছিল, জনতার সঙ্গে হাত মেলাতে এক লাফে সেই বাঁশের ব্যারেকেডের প্রথম ধাপেই উঠে পড়েন তিনি! সরকারি হিসেবে, মুখ্যমন্ত্রীর বয়স ৭০। ফলে বলার অপেক্ষা রাখে না, মমতা বন্দ্যোপাধ্যায়ের ফিটনেস কিন্তু এখনও বেশ ঈর্ষণীয়!







(১ম পাতার পর)

# "রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই মাফিয়া": শুভেন্দু অধিকারী

দিয়েছেন স্যালাইনের মাধ্যমে। আজকে হাইকোর্টে ডেট ছিল কি হয়েছে আমি জানিনা। আমরা ১৫ জন বিধায়ক স্বাস্থ্য ভবনে গিয়েছিলাম। আর যারা এই বিষ স্যালাইন নিয়েছেন ভবিষ্যতে তাদের যাতে কোনো রকম অসুবিধা না হয় তার জন্য দ্রুত ব্যবস্থা নেওয়া হোক। আর এই আরএল স্যালাইনের কারখানা ছিল মধ্যপ্রদেশ ইন্দরে,সেখানে ব্যান্ড করে দেওয়া হয়। এবং ডাইরেক্টর মুকুল ঘোষের নামে এফআইআর হয়। ওখান থেকে বেল নিয়ে সে পশ্চিমবঙ্গে আসে। এরপর সেখান থেকে চোপড়াতে এই প্ল্যান্ট করা হয়,আর এই প্ল্যান্ট মমতা বন্দ্যোপাধ্যায় বসিয়েছে। চোপড়ার বিধায়ক হামিদুলকে দিয়ে বসিয়েছে। আর এই কারখানা থেকে তৃণমূলের লোকজন এসে প্রত্যেক মাসে দু লক্ষ টাকা চাঁদা নিয়ে যায়। আমি যা যা বলছি গল্পোর মতো মনে হলেও এটাই বাস্তব। মহাকুম্বে পশ্চিমবঙ্গের দুজন মারা গিয়েছে সেই প্রসঙ্গে তিনি বলেন অত্যন্ত বেদনাদায়ক, তাদের আত্মার শান্তি কামনা করছি। পরিবারের পাশে আমরাও আছি, উত্তরপ্রদেশ সরকার আছে,ভারত সরকার আছে, পশ্চিমবঙ্গ সরকারেরও থাকা উচিত। গত চার বছর আগে গঙ্গাসাগরে এই মুখ্যমন্ত্রীর আমলে পাঁচজন মারা গিয়েছে পদপিষ্ট হয়ে। এর পাশাপাশি তিনি আরও বলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় নিজেই মাফিয়া। এরপর সড়কপথ দিয়ে তিনি সোজা শিলিগুড়ির উদ্দেশ্যে বেড়িয়ে যান।

(১ম পাতার পর)

# আর জি কর মামলায় তদন্তকারী সিবিআই অফিসার কে শোকজ করল আদালত

সিবিআই আদালত আরজি করের আর্থিক দুর্নীতির মামলায় অন্যতম অভিযুক্ত হিসেবে গ্রেফতার করা হয় আরজি করের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষকে। কিন্তু তাঁর নামে চার্জফ্রেম করা যাচ্ছিল না। আসলে স্বাস্থ্য ভবন অনুমোদন না দেওয়ায় চার্জফ্রেম করা যাচ্ছিল না। সম্প্রতি সেই অনুমোদন দেওয়া হয়েছে স্বাস্থ্য দফতরের তরফে। কিন্তু বিশেষ সিবিআই আদালতে সেই তথ্য দেওয়া হয়নি বলে অভিযোগ সিবিআই-এর বিরুদ্ধে।

# কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ পৌরোহিত্যে একটি উচ্চ পর্যায়ের কমিটি বিভিন্ন রাজ্যে বিপর্যয় প্রশমনের জন্য ৩০২৭.৮৬ কোটি টাকা মঞ্জুর করেছে

কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহের পৌরোহিত্যে একটি উচ্চ পর্যায়ের কমিটি বিভিন্ন রাজ্যে বিপর্যয় প্রশমনের জন্য ৩০২৭.৮৬ কোটি টাকা মঞ্জুর করেছে। এই কমিটিতে ছিলেন অর্থমন্ত্রী, কৃষিমন্ত্রী এবং নীতি আয়োগের উপাধ্যক্ষ। সবচেয়ে বেশি বজ্রপাত হয় এমন ১০ টি রাজ্যের ৫০টি জেলায় বজ্রপাতের মতো বিপর্যয় কম করার জন্য একটি প্রকল্পের ওপর আলোচনা করা হয়। এছাড়া কমিটি খরাপ্রবণ ১২ টি রাজ্যের ৪৯ টি জেলায় সহায়তা প্রদানের জন্য তহবিল নিয়েও আলোচনা করে এই কমিটি।

উচ্চস্তরীয় কমিটিটি সবচেয়ে বেশি খরাপ্রবণ ১২ রাজ্যে সহায়তার জন্য ২০২২.১৬ কোটি টাকা মঞ্জুর করেছে। এর মধ্যে কেন্দ্রীয় সরকার দেবে ১২০০ কোটি টাকা। যে ১২ টি রাজ্যের জন্য এই অর্থ মঞ্জুর করা হয়েছে, সেগুলি হল অন্ধ্রপ্রদেশ, বিহার, গুজরাট, ঝাড়খন্ড, কর্ণাটক, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, ওড়িশা, রাজস্থান, তামিলনাড়ু, তেলেঙ্গানা ও উত্তরপ্রদেশ।

কমিটি ১০ টি রাজ্যে বজ্রপাতের মতো বিপদ মোকাবিলায় ১৮৬.৭৮ কোটি টাকা মঞ্জুর করেছে। যেসব রাজ্যের জন্য এই অর্থ অনুমোদন করা হয়েছে সেগুলি হল, পশ্চিমবঙ্গ, অন্ধ্রপ্রদেশ, বিহার, ছত্তিশগড়, ঝাড়খন্ড, মধ্যপ্রদেশ, মহারাষ্ট্র, উত্তরপ্রদেশ, ওড়িশা ও মেঘালয়।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী বনাঞ্চলে আগুনের মতো বিপর্যয় মোকাবিলায় ১৯ টি রাজ্যের ১৪৪ টি জেলার জন্য ৮১৮.৯২ কোটি টাকা মঞ্জুর করেছে। এর মধ্যে এনডিএমএফ ও এনডিআরএফ থেকে কেন্দ্র দেবে ৬৯০.৬৩ কোটি টাকা। যেসব রাজ্যের জন্য এই অর্থ মঞ্জুর করা হয়েছে সেগুলি হল, অন্ধ্রপ্রদেশ, অরুণাচলপ্রদেশ, আসাম, ছত্তিশগড়, গুজরাট, হিমাচলপ্রদেশ, ঝাড়খন্ড, কর্ণাটক, কেরালা, মণিপুর, মহারাষ্ট্র, মিজোরাম, মধ্যপ্রদেশ, মেঘালয়, নাগাল্যান্ড, ওড়িশা, তামিলনাড়ু, তেলেঙ্গানা এবং উত্তরাখন্ড।

বিপর্যয় প্রতিরোধকারী ভারত গড়ে

এরপর ৪ পাতায়

# জাতীয় গুরুত্বপূর্ণ খনিজ মিশনের উদ্দেশ্য হল আমদানী নির্ভরতা কম করা, ঘরোয়া মূল্য শৃঙ্খল মজবুত করা এবং ভারতে ২০৭০ -এর মধ্যে নেট জিরো লক্ষ্যমাত্রাকে সহায়তা করা : প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ৩০ জানুয়ারী, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী বলেছেন, জাতীয় গুরুত্বপূর্ণ খনিজ মিশনের উদ্দেশ্য হল আমদানী নির্ভরতা কম করা, ঘরোয়া মূল্য শৃঙ্খল মজবুত করা এবং ভারতে '২০৭০ –এর মধ্যে নেট জিরো' লক্ষ্যমাত্রাকে সহায়তা করা।

কেন্দ্রীয় মন্ত্রী জি কিষাণ রেড্ডির জাতীয় গুরুত্বপূর্ণ খনিজ মিশন বা এনসিএমএম নিয়ে লেখা একটি নিবন্ধের জবাবে প্রধানমন্ত্রী শ্রী মোদী লিখেছেন :

"কেন্দ্রীয় মন্ত্রী শ্রী জি কিষাণ রেড্ডি বিস্তারিত ভাবে বলেছেন যে, জাতীয় গুরুত্বপূর্ণ খনিজ মিশনের উদ্দেশ্য হল আমদানী নির্ভরতা কম করা, ঘরোয়া মূল্য শৃঙ্খল মজবুত করা এবং ভারতে '২০৭০ –এর মধ্যে নেট জিরো' লক্ষ্যমাত্রাকে সহায়তা করা।"

# মহাত্মা গান্ধীর প্রয়াণ বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করেছেন প্রধানমন্ত্রী

**নতুন দিল্লি, ৩০ জানুয়ারী, ২০২৫**

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ মহাত্মা গান্ধীর প্রয়াণ বার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা জানিয়েছেন। শ্রী মোদী আমাদের দেশের জন্য যাঁরা শহীদ হয়েছেন তাঁদের সকলকেও শ্রদ্ধা জানিয়েছেন এবং স্মরণ করেছেন তাঁদের সেবার পাশাপাশি আত্মত্যাগেরও।

এক্স বার্তায় প্রধানমন্ত্রী বলেছেন :

"পূজ্য বাপুর পুণ্য তিথিতে শ্রদ্ধার্ঘ্য। তাঁর আদর্শ আমাদের এক উন্নত ভারত গঠনে অনুপ্রেরণা দেয়। আমি তাঁদের প্রতিও শ্রদ্ধা জানাই যাঁরা আমাদের দেশের জন্য শহীদ হয়েছেন এবং তাঁদের সেবা ও আত্মত্যাগকেও স্মরণ করি।"

# সম্পাদকীয়

## ২০২৪-২৫ ইথানল সরবরাহ বর্ষে রাষ্ট্রায়ত্ত তেল বিপণন সংস্থাগুলিকে সরবরাহের জন্য ইথানলের মূল্যের সংশোধন

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে অর্থনীতি বিষয়ক ক্যাবিনেট কমিটির বৈঠকে ২০২৪-২৫ ইথানল সরবরাহ বর্ষের জন্য রাষ্ট্রায়ত্ত তেল বিপণন সংস্থাগুলির ইথানল সংগ্রহ করার সংশোধিত মূল্যের প্রস্তাবে অনুমোদন দেওয়া হয়েছে। ২০২৪-এর ১ নভেম্বর থেকে এটি কার্যকর হবে। এর মেয়াদ শেষ হবে এ বছরের ৩১ অক্টোবর। কেন্দ্রীয় সরকারের ইথানল মিশ্রিত পেট্রোল বা ইথানল ব্লেন্ডেড পেট্রোল কর্মসূচির আওতায় সি হেভি মোলাসেস ইথানল সংগ্রহ করার জন্য এখন থেকে মিলগুলিকে লিটারপ্রতি ৫৭.৯৭ টাকা দেওয়া হবে। আগে এ বাবদ দেওয়া হত লিটারপ্রতি ৫৬.৫৮ পয়সা।

ইথানল সরবরাহকারীদের জন্য আকর্ষণীয় মূল্য নির্ধারণ করা ছাড়াও এই উদ্যোগের ফলে বিদেশ থেকে তেল আমদানির ওপর নির্ভরশীলতা কমবে, দেশের বৈদেশিক মুদ্রা ভাণ্ডারের সাশ্রয় হবে। আখ চাষীদের স্বার্থরক্ষার জন্য অতীতে ইথানলের ওপর জিএসটি এবং সেগুলি পরিবহণের খরচ আলাদাভাবে দেওয়া হত। বর্তমানে সি হেভি মোলাসেস ইথানলের দাম ৩ শতাংশ বৃদ্ধির ফলে বাজারে এর সরবরাহ আরও নিশ্চিত করা হল। কেন্দ্রীয় সরকারের ইথানল মিশ্রিত পেট্রোল কর্মসূচির আওতায় রাষ্ট্রায়ত্ত তেল সংস্থাগুলি যে পেট্রোল বিক্রি করে, সেখানে ২০ শতাংশ ইথানল মেশানোর লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। গত ১০ বছরে পেট্রোলে ইথানল মিশ্রণের ফলে ১,১৩,০০৭ কোটি টাকার বৈদেশিক মুদ্রা সাশ্রয় করা সম্ভব হয়েছে। সরকার এর আগে সিদ্ধান্ত নিয়েছিল, ২০৩০ সালের মধ্যে পেট্রোলে ২০ শতাংশ ইথানল মিশিয়ে তা বিক্রি করা হবে। বর্তমানে সেই কর্মসূচিতে পরিবর্তন ঘটানো হয়েছে। এখন সিদ্ধান্ত নেওয়া হয়েছে ২০২৫-২৬ ইথানল সরবরাহ বর্ষেই ২০ শতাংশ ইথানল মিশ্রিত পেট্রোল বিক্রি করা হবে। বর্তমান অর্থবর্ষে ১৮ শতাংশ হারে ইথানল মিশ্রণের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে।

এই কর্মসূচি বাস্তবায়নের ফলে দেশজুড়ে গ্রিনফিল্ড এবং ব্রাউনফিল্ড ডিস্টিলারিজগুলিতে বিপুল পরিমাণ বিনিয়োগ হচ্ছে। ফলে, সেখানে নতুন নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হচ্ছে। এর ফলে, একদিকে যেমন বৈদেশিক মুদ্রার সাশ্রয় হবে, পাশাপাশি বায়ু দূষণ কমবে। ইথানলের মূল্য বৃদ্ধির ফলে আখ চাষীদের পাওনা টাকা মেটানো সহজ হবে।

# আদিশক্তি



মৃত্যুঞ্জয় সরদার

(চব্বিশতম পর্ব)



কালীঘাটের হালদার বংশীয়রা ভুবনেশ্বর ব্রহ্মচারীর দৌহিত্র (মেয়ের ঘরের) বংশ।

সার্বণ বংশের প্রতিষ্ঠাতা কামদেব ব্রহ্মচারীর হাত ধরে কালীঘাটের কালীমূর্তি লোক সমাজে পরিচিত হল। কামদেবের পুত্র বড়িশার লক্ষীকান্ত মজুমদার সাবর্ণ পরিবারের আদি পুরুষ। পরবর্তীকালে বাংলার নবাবের কাছ থেকে রায় চৌধুরী উপাধি প্রাপ্ত হন।

এই সময়ে অর্থাৎ ৫০০ বছর আগে কলকাতার প্রাকৃতিক সীমারেখা ছিল- উত্তরে চিৎপুর খাল, দক্ষিণে আদিগঙ্গা, পূবদিকে লবণহ্রদ এবং পশ্চিমে হুগলী নদী। সেই

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

(৩ পাতার পর)

## কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ পৌরোহিত্যে একটি উচ্চ পর্যায়ের কমিটি বিভিন্ন রাজ্যে বিপর্যয় প্রশমনের জন্য ৩০২৭.৮৬ কোটি টাকা মঞ্জুর করেছে

তোলার বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর যে দূরদৃষ্টি রয়েছে তার বাস্তবায়নে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী অমিত শাহ নেতৃত্বে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক পরিকল্পনা গ্রহণ করেছে। বিপর্যয় মোকাবিলার ক্ষেত্রটিকে মজবুত করে দেশের জীবন ও সম্পত্তি হানি প্রতিরোধ করাই এর উদ্দেশ্য।

উচ্চ পর্যায়ের কমিটি এনডিএনএফ-এর জন্য শহর এলাকার বন্যা মোকাবিলা প্রকল্পে আর্থিক সহায়তা মঞ্জুর করেছে। এক্ষেত্রে ৭ টি প্রধান শহরের জন্য দেওয়া হবে ৩০৭৫.৬৫ কোটি টাকা। ধসের মতো বিপর্যয় মোকাবিলার জন্য ১৫ টি রাজ্যকে একহাজার কোটি টাকা অর্থ সাহায্য দেওয়ার বিষয়টিও অনুমোদন করেছে এই কমিটি।

উল্লেখ্য চলতি অর্থ বছরে ইতিমধ্যেই বিভিন্ন রাজ্যের জন্য ২৪.৯৮১কোটি টাকা অর্থ সাহায্য মঞ্জুর করা হয়েছে। এর মধ্যে ২৭ টি রাজ্যকে রাজ্য বিপর্যয় মোকাবিলা তহবিল এসডিআরএফ থেকে ১৭৪৭৯.৬০ কোটি টাকা এবং ১৮ টি রাজ্যকে জাতীয় বিপর্যয় মোকাবিলা তহবিল থেকে ৪৮০৮.৩০ কোটি টাকা দেওয়া হয়েছে। এছাড়া ১৩ টি রাজ্যকে এসডিএমএফ থেকে ১৯৭৩.৫৫ কোটি টাকা ও ৮ টি রাজ্যকে এনডিএমএফ থেকে ৭১৯.৭২ কোটি টাকা দেওয়া হয়েছে।

## শিবরাত্রি ব্রতের ব্যাখ্যা করেন মহাদেব স্বয়ং



-: মৃত্যুঞ্জয় সরদার :-

অন্য সব দেবদেবীকে এ ব্যাপারে টেক্কা দিয়েছেন শিব। তিনি তো বৈদিক দেবতা নন, ঋগ্বেদে ‘রুদ্র’ ভয়ংকর দেবতা, কিন্তু শিবের কোনও উল্লেখ নেই, বরং সেখানে ‘লিঙ্গপূজক’ বিরোধী মনোভাবই নজরে পড়ে। ক্রমে শ্মশানবাসী শিব হিন্দু ধর্মের তিন প্রধানের অন্যতম হয়ে উঠলেন।

ক্রমশঃ

· সতর্কীকরণ ·

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# শ্রেণিকক্ষে শিক্ষিকাকে সিঁদুর পরালেন ছাত্র

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বিভাগীয় প্রধানের পরনে ছিল লাল বেনারসি, গলায় গোলাপ-রজনীগন্ধার মালা। শ্রেণিকক্ষে তাঁর সিঁথিতে সিঁদুরে পরিয়ে দিচ্ছেন প্রথম বর্ষের ছাত্র, সেখানেই হয় তাদের মালাবদল। শ্রেণিকক্ষই যেন হয়ে গেল ছাঁদনাতলা। শিক্ষিকা-ছাত্রের ‘বিয়ের’ এমন রোমঞ্চকর দৃশ্য মোবাইল ফোনে ধারণ করেন ছাত্রের সহপাঠীরা। এমন ঘটনা ঘটেছে ভারতের নদিয়ার হরিণঘাটার মাওলানা আবুল কালাম আজাদ ইউনিভার্সিটি অফ টেকনোলজি বা ম্যাকাউট বিশ্ববিদ্যালয়ে।



ছাত্র-শিক্ষিকার ‘বিয়ের’ সেই ভিডিও মুহূর্তেই ছড়িয়ে পড়ে নেট দুনিয়ায়। শুরু হয় শোরগোল। তবে প্রশ্ন উঠেছে, এটা কি সত্যি বিয়ে ছিল না কি অভিনয়? যদিও ‘বিয়ের’ ভিডিও ভাইরাল হওয়ার পর ওই অধ্যাপিকা তথা অ্যাপ্লায়েড সাইকোলজি বিভাগের প্রধানকে ছুটিতে পাঠিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

জানা যায়, গত মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের শ্রেণিকক্ষে ছাত্র-শিক্ষিকার আলোড়ন তোলা ‘বিয়ের’ ঘটনা ঘটে, যার সাক্ষী ছিলেন ক্লাসের ছাত্র-ছাত্রীরা।

এদিকে ‘বিয়ের’ ভিডিও দেখে বিভাগীয় প্রধানকে তড়িঘড়ি ছুটিতে পাঠিয়ে দিয়েছেন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। তবে প্রথম বর্ষের ওই ছাত্রেরও খোঁজ মিলছে না। এ নিয়ে সহপাঠীরা মুখে কুলুপ এঁটেছেন।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য তাপস চক্রবর্তী বলেন, ‘বিভাগীয় প্রধানের বিরুদ্ধে তদন্ত শুরু হয়েছে। শ্রেণিকক্ষে তাঁর এমন আচরণের ব্যাখ্যা চাওয়া হয়। মৌখিকভাবে তিনি তার জবাবও দিয়েছেন। শিক্ষিকা দাবি করেছেন, একটি প্রজেক্টের জন্য শ্রেণিকক্ষে এমন “অভিনয়” করা হয়েছিল।’

কিন্তু মালাবদল, সিঁদুরদান প্রজেক্টের অংশ হলে এবং পুরো বিষয়টিই ‘অভিনয়’ হলে বিভাগীয় প্রধানকে কেন ছুটিতে পাঠানো হল সেই ব্যাখ্যা অবশ্য দেয়নি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

# আল জান্নাহ এখন মাটিয়াবুর্জেও শুরু

**মো. জহির**

**কলকাতা**। আল জান্নাহ ট্যুরস অ্যান্ড ট্রাভেলসের দ্বিতীয় শাখাটি মাটিয়াবুর্জের ফারুকী রোডে শুরু হলো। যার উদ্বোধন করেন প্রধান অতিথি সৈয়দ আতিফ শাহ আল কাদরী। অনুষ্ঠানে ১৩৬ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর ওয়াসিম আনসারি সহ অতিথিরা উপস্থিত ছিলেন। আল জান্নাহ ট্যুরস অ্যান্ড ট্রাভেলসের দ্বিতীয় শাখাটি শুরু করেছেন মিকাইল শওকত এবং ফারদিন খান। প্রতিষ্ঠাতা মিকাইল শওকত বলেন, আমরা সকলকে ভালো পরিষেবা প্রদান করতে চাই এবং এখন পর্যন্ত কেউ আমাদের পরিষেবা নিয়ে কোনও সমস্যার সম্মুখীন হয়নি।





## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219, (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |




# কেন্দ্রীয় মন্ত্রী ডঃ মনসুখ মান্ডবিয়া ই-শ্রম উদ্যোগ এবং পেশাগত ঘাটতি সূচকের অধীনে রাজ্য ভিত্তিক মাইক্রোসাইটের সূচনা করেছেন

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কেন্দ্রীয় শ্রম ও কর্মসংস্থান এবং যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রী ডঃ মনসুখ মান্ডবিয়া দুটি গুরুত্বপূর্ণ উদ্যোগ - ই-শ্রম উদ্যোগ এবং অকুপেশন্যাল শর্টেজ ইনডেক্স (ওএসআই)-এর অধীনে রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের জন্য মাইক্রোসাইটের সূচনা করেছেন। আজ নতুন দিল্লিতে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের শ্রম মন্ত্রী ও সচিবের সঙ্গে বৈঠকে এই উদ্বোধন করা হয়। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় শ্রম প্রতিমন্ত্রী শোভা করন্দলাজে এবং রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলির শ্রমমন্ত্রী, কেন্দ্রীয় শ্রম সচিব শ্রীমতী সুমিতা দাওরা এবং শীর্ষস্থানীয় আধিকারিকগণ।

সূচনা অনুষ্ঠানে ডঃ মনসুখ মান্ডবিয়া জানান, “এই বহুভাষিক ই-শ্রম মাইক্রোসাইট সুবিধা একটি রূপান্তরকারী উদ্যোগ, যার লক্ষ্য অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের কাছে সুষ্ঠু ভাবে রাজ্য এবং কেন্দ্রীয় সরকারি কল্যাণ কর্মসূচিগুলি পৌঁছে দেওয়া। এতে শুধুমাত্র শ্রমিকরা ক্ষমতাপ্রাপ্ত হবেন তাই নয়, এতে কল্যাণমূলক পরিষেবা দানে স্বচ্ছতা এবং দক্ষতা আসবে।”

ওএসআই সম্পর্কে তিনি আরও জানান, “শ্রমবাজারের প্রকৃত তথ্য দিয়ে আমরা নিশ্চিত করছি দক্ষতা বৃদ্ধি এবং কাজের সঙ্গে সংগতিপূর্ণ দক্ষ করে তোলার ওপর। শিল্পমহলের প্রকৃত প্রয়োজনকে মনে রেখে সেই ভাবেই শ্রমিকদের তৈরি রাখা হবে।”

ই-শ্রম মাইক্রোসাইটগুলি এক একটি রাজ্যের জন্য নির্দিষ্ট ডিজিটাল প্ল্যাটফর্ম। জাতীয় ই-শ্রম তথ্য ভান্ডারের সঙ্গে সুষ্ঠু ভাবে সংহত। রাজ্যের পোর্টালগুলি এবং ই-শ্রম পোর্টালের মধ্যে দ্বিমুখী সংহতি সুবিধাদানের মাধ্যমে অসংগঠিত ক্ষেত্রের শ্রমিকদের নথিভুক্তির সরলীকরণে সুবিধা হবে।

কেন্দ্র এবং রাজ্যের কল্যাণমূলক কর্মসূচিগুলির সুবিধা পাওয়া যাবে একই জায়গায়। ডিজিটাল পরিকাঠামোর সুবিধা দেবে এই মাইক্রোসাইটগুলি। ফলে, খরচ কমবে, সময় বাঁচবে। নীতিগত উপযুক্ত সিদ্ধান্ত গ্রহণে সাহায্য করবে এবং রাজ্যগুলি তাদের শ্রমবাজারের প্রয়োজনীয়তা সংক্রান্ত উপকরণ যুক্ত করতে পারবে।

শ্রমিকরা সহজে নথিভুক্তি করতে

এরপর ৬ পাতায়

# মহাকুম্ভে মালা বেচেই খুলল ভাগ্য, প্রথম হিন্দি ছবিতে সাইন করলেন ভাইরাল গার্ল মোনালিসা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

কে বলতে পারে ভাগ্যের চাকা কখন ঘুরবে! হ্যাঁ, ভাগ্য সায় দিলে বলিউড নায়িকাও হতে পারে সামান্য মালা বিক্রেতা। তবে এক্ষেত্রে দরকার জনপ্রিয়তার। হ্যাঁ, মহা কুম্ভ মেলার এবার প্রধান আকর্ষণ ছিলেন মোনালিসা। মধ্যপ্রদেশের ছোট্ট একটি গ্রামের বাসিন্দা মোনালিসা, দু-মুঠো রোজগারের আশায় মালা বেচতে গিয়েছিলেন মহাকুম্ভে।তিনি বলেছেন, ‘এই সিনেমায় মোনালিসাকে ভালোভাবে উপস্থাপন করব। আমি চলচ্চিত্রে এর ভবিষ্যত গড়তে চাই। আমি তার পরিবারের সদস্যদের সঙ্গে দেখা করেছি, সবাই খুব নিরীহ মানুষ। আর মোনালিসাও কঠোর পরিশ্রম করতে প্রস্তুত মোনালিসা। সে এখনও শিশু এবং তাকে প্রস্তুত করা আমাদের দায়িত্ব।’ তবে মোনালিসাকে কোন চরিত্রে দেখা যাবে সে বিষয়ে এখনও কিছু জানানো হয়নি। তবে জল্পনা রয়েছে যে তিনি একজন সেনা কর্মকর্তার মেয়ের ভূমিকায় অভিনয় করবেন। আগামী অক্টোবরে ছবিটি মুক্তি পাওয়ার কথা রয়েছে। এর বাজেট ২০ কোটি টাকা বলে জানা গিয়েছে। ফেব্রুয়ারিতে ছবিটির শুটিং শুরু হবে বলে জানা গেছে। মার্চ বা এপ্রিলের মধ্যে শুটিংয়ে আসবেন মোনালিসা। সনোজ মিশ্র একজন সুপরিচিত পরিচালক। এর আগে তিনি ‘রাম জন্মভূমি’, ‘দ্য ডায়েরি অফ ওয়েস্ট বেঙ্গল’, ‘কাশী থেকে কাশ্মীর’-এর মতো ছবি করেছেন। এদিকে মহাকুম্ভ থেকে ইতিমধ্যেই বাড়ি ফিরেছেন ভাইরাল গার্ল মোনালিসা। তিনি বাড়ি ফিরে জানিয়েছিলেন, ইউটিউবারদের অত্যাচারের জন্যে তাঁর মালা বিক্রি বন্ধ হয়ে যায়। সংসার চালানো জন্যে তাঁকে টাকা ধার করতে গিয়েছে। তিনি বাড়ি ফিরে অসুস্থও হয়ে পড়েছিলেন। সবশেষে সেই ইউটিউবারদের জন্যেই আজ মোনালিসার ভাগ্য বদলে গেল। বলিউডে অভিনয়ের সুযোগ পেলেন তিনি।কিন্তু মহাকুম্ভ মেলাই যে তাঁর সাফল্যের দরজা খুলে দেবে, তা কে বলতে পারে! হ্যাঁ, তিনি মহাকুম্ভে মালা বেচতে গিয়েছিলেন ঠিকই, কিন্তু তাঁর সৌন্দর্য আকর্ষণীয় হয়ে ওঠে ইউটিউবারদের। হ্যাঁ, মোনালিসার জনপ্রিয়তার মূল কাণ্ডারি কিন্তু ব্লগার, ইউটিউবাররা। তাঁদের ক্যামেরাতেই প্রথম দেখা যায় মোনালিসাকে। সেখানেই ফুটে ওঠে তাঁর সৌন্দর্য, আকর্ষণীয় হয়ে উঠে তাঁর পটলচেরা ইউনিক চোখ। যাতে কেউ কেউ মিল পান প্রাক্তন সুন্দরী ঐশ্বর্য রাইকে আবার কেউ কেউ মোনালিসাকে গুলিয়ে ফেলেন প্রয়াত অভিনেত্রী দিব্যা ভারতীর সঙ্গে। এরপরেই তাঁকে দেখতে মেলাপ্রাঙ্গণে ভিড় জমান ইউটিউবাররা।

সোশ্যাল মিডিয়া ভরে যায় মোনালিসার ভিডিও ছবিতে। একসময় গুঞ্জন ওঠে নাকি, বলিউডের ডাক পেয়েছেন মোনালিসা। এমনকী এও জল্পনা ওঠে যে, আল্লু অর্জুনের পুষ্পা ৩-এর নায়িকা হচ্ছেন মোনালিসা। এবার এই জল্পনাতেই পড়ল শিলমোহর। বলিউডে ডাক পেলেন মোনালিসা। প্রথম হিন্দি ছবিতে চুক্তিবদ্ধ হলেন মোনালিসা। রাতারাতি রাতারাতি তারকা বনে গেলেন তিনি। হ্যাঁ, ঠিকই শুনেছেন বলিউডে ডেবিউ করতে চলেছেন মোনালিসা। জানা গিয়েছে, ‘ডায়েরি অব মণিপুর’ ছবিতে তাঁকে চুক্তিবদ্ধ করেছেন বলিউডের স্বনামধন্য লেখক-পরিচালক সনোজ মিশ্র। মণিপুরে ঘটে যাওয়া ভয়াবহ ঘটনা নিয়ে তৈরি এই সিনেমায় গুরুত্বপূর্ণ চরিত্রে দেখা যাবে মোনালিসাকে। পরিচালক মনোজ মিশ্র মধ্যপ্রদেশের খারগোন জেলার মহেশ্বরে মোনালিসার বাড়িতে গিয়ে তাঁকে তার পরবর্তী ছবির জন্য চুক্তিবদ্ধ করেছেন। দুজনের একসঙ্গে একটি ছবিও সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়েছে। এই ছবিতে কাজ করতে রাজি হয়েছেন মোনালিসা। তিনি সনোজ মিশ্রকে বলেছেন যে, তিনি তার চরিত্রের জন্য খুব কঠোর পরিশ্রম করবেন।সুতরাং বলিউডে মোনালিসা কে বিগ এন্ট্রি দিচ্ছে সনোজ মিশ্র।

(৫পাতার পর)

## ফ্রান্সের মায়োতে এলাকায় ঘূর্ণিঝর চিডোর তাণ্ডবে ব্যাপক ক্ষয়ক্ষতিতে মর্মাহত প্রধানমন্ত্রী

পারবেন এবং সামাজিক নিরাপত্তার বিস্তৃত সুযোগ-সুবিধা পাবেন। এই প্ল্যাটফর্মটি বহুভাষিক হওয়ায় বিভিন্ন অঞ্চলের শ্রমিকরা তাঁদের পছন্দের ভাষায় তথ্য এবং পরিষেবা পাবেন।

দ্বিতীয় গুরুত্বপূর্ণ উদ্যোগটি অকুপেশন্যাল শর্টেজ ইনডেক্স (ওএসআই) যা শ্রমবাজারের চাহিদা এবং সরবরাহকে সংহতিপূর্ণ করে তুলবে। আইএলও-র পদ্ধতি ও চতুর্মাসিক পিএলএফ তথ্যের ভিত্তিতে ওএসআই কর্মপ্রার্থীদের দক্ষতা এবং শিল্পের চাহিদার মধ্যে সাযুজ্য আনবে।

ওএসআই সাহায্য করবে নীতি প্রণেতাদের, প্রশিক্ষণ প্রতিষ্ঠানগুলিকে এবং বাণিজ্যমহলকে, যাতে দক্ষতা এবং উচ্চ চাহিদার মধ্যে ফাঁক ভরাট করা যায়। সূচকটি এমন ভাবে তৈরি করা হয়েছে যাতে শ্রমিক সংক্রান্ত পরিকল্পনায় এবং দক্ষতা উন্নয়নে কার্যকরী সিদ্ধান্ত নেওয়া যায় এবং রাজ্য সরকারগুলি এবং কর্মদাতাদের দিক নির্দেশ করা যায়।

## কুম্ভমেলায় আবারও আগুন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

মহাকুম্ভ মেলায় পদদলিত হয়ে ৩০ জনের মৃত্যুর ঘটনার একদিন পরই প্রয়াগরাজের তাঁবু নগরীতে আগুন লেগেছে। যেখানে অনেক তাঁবু পুড়ে গেছে বলে ধারণা করা হচ্ছে। ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুসারে, এখনও পর্যন্ত কোনও হতাহতের খবর পাওয়া যায়নি।

বৃহস্পতিবার সেক্টর ২২-এর নাগেশ্বর ঘাটে নির্মিত তাঁবু নগরীতে আগুন লাগে। দমকল বাহিনী এসে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার আগেই বেশ কয়েকটি তাঁবু পুড়ে ছাই হয়ে যায়।

মেলায় বিপুল সংখ্যক মানুষের ভিড় উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। শুধুমাত্র বুধবারেই, মহাকুম্ভে ৪ কোটি ৩৮ লাখ মানুষের উপস্থিতি রেকর্ড করা হয়েছে।

তাঁবুতে কোনও মানুষজন ছিলেন না বলে প্রাণহানি ঘটেনি। এখনও আগুনের কারণ জানা যায়নি। এর আগে গত ১৯ জানুয়ারি আগুন লেগেছিল কুম্ভমেলার সেক্টর ১৯-এ। গীতী প্রেসে প্রায় ১৮০টি তাঁবু পুড়ে ছাই হয়ে গিয়েছিল।

(২ পাতার পর)

## মেয়রকে ডাকুন', ট্যাংরায় বেআইনি নির্মাণ ভাঙতে গেলে উত্তেজনা

তাঁদের কথা শুনতে হবে আগে। কেউ কেউ কেঁদেও ফেলেন। অনেক কষ্টার্জিত টাকায় ফ্ল্যাট কিনেছিলেন। বাড়ি ভাঙলে কোথায় যাবেন, প্রশ্ন তুলেছেন তাঁরা।কলকাতা পুরসভার ৫৮ নম্বর ওয়ার্ডের, ১১/২ ক্রিস্টোফার রোডের নির্মীয়মাণ বহুতলটিকে বেআইনি বলে চিহ্নিত করেছে পুরসভা। সেই বহুতলটি যেমন হেলে রয়েছে, হেলে রয়েছে পাশের সবুজ রঙের বহুতলটিও। হরিয়ানার বিশেষজ্ঞ সংস্থা জানিয়েছে, সাদা রঙের বাড়িটিই হেলে পড়েছে সবুজ রঙের বহুতলের গায়ে। সবুজ রঙের বহুতল সোজা করা সম্ভব। এর পরই সাদা রঙের বাড়িটি ভাঙার সিদ্ধান্ত নেওয়া হয়। সেই মতো নোটিস দেওয়া হয়। কিন্তু বাসিন্দাদের দাবি, আশেপাশে প্রচুর বেআইনি নির্মাণ হয়েছে। পুরসভা আগে কেন নোটিস দেয়নি? এখন তাঁরা কোথায় যাবেন?

# সিনেমার খবর

## প্রথম সিনেমা মুক্তির পরই অভিনয় ছাড়তে চেয়েছিলেন হৃত্বিক



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বহু পরিকল্পনা করে কাহো না পেয়ার হ্যায় সিনেমার মাধ্যমে ছেলে হৃত্বিক রোশনকে লঞ্চ করেছিলেন রাকেশ রোশন। বলিউড টাউন পেয়েছিল এক নতুন স্টারকে। হৃত্বিক রোশন, বর্তমানে যিনি সিনে দুনিয়ার মেগাস্টার। তাকে নিয়ে একটা সময় রীতিমতো চিন্তায় ঘুম উড়ে গিয়েছিল রাকেশ রোশনের। ভয়ে ভয়ে নিজেকে গুটিয়ে রাখতেন তিনি। কথা বলতেন না কারো সঙ্গে, বাড়ির কোণে দরজা বন্ধ করে থাকতে হত তাকে। কারণ কী জানেন! হৃত্বিক রোশন তখন সবে মাত্র প্রথম সিনেমায় কাজ করেছেন। সিনেমায় ভালো অভিনয়ের কারণে সবাই প্রশংসায় পঞ্চমুখ।

সবাই শুভেচ্ছা জানাচ্ছেন রাকেশ রোশনকে। আর অন্যদিকে মেয়েদের প্রেমের প্রস্তাবে দাপট। তবে হৃত্বিক তখন লাইম লাইটে। ঝড়ের গতিতে একের পর এক খবর ছড়িয়ে পড়ছে নতুন অভিনেতাকে কেন্দ্র করে। তবে হৃত্বিক এসব বিষয় বিন্দু মাত্র কান দিতে নারাজ। তিনি উল্টে বাবাকে বলে বসলেন তিনি অভিনয় করবেন না। তিনি এসব নিতে পারছেন না। বলিউড থেকে সরে দাঁড়াতে চান তিনি। কারণ হলো একটাই, তার পক্ষে এই এত মানুষের আশা ভরসা বজায় রাখা সম্ভবপর হবে না।

সাফল্যকে ভয় পেয়ে গিয়েছিলেন তিনি। হৃত্বিকের কথায়, সবার মুখ রক্ষা করাটা বড় দায়িত্বের মধ্যে পড়ে। সেই ক্ষেত্রে তিনি ব্যর্থ হবেন। পারবেন না বাবার মুখ রাখতে। একদিন যদি লাইমলাইট চলে যায়, তিনি যদি নিজের ভালো কাজ বজায় রাখতে না পারেন, তবে তখন এত মানুষের আশা, তার বাবার আশা সবটা নষ্ট হয়ে যাবে রাতারাতি। টানা পাঁচদিন ভয়ে কেঁদে ছিলেন হৃত্বিক রোশন। ঘরের দরজা বন্ধ করেই বসে থাকতেন। বাবাকে বোঝানোর চেষ্টা করেছিলেন, তার মানসিক সমস্যা, স্থির করেছিলেন অভিনেতা তিনি হবেন না।

কিন্তু শেষ রক্ষা হয়নি। রাকেশ রোশন শক্ত হাতে তাকে তখন সামনে এনেছিলেন, চালিয়ে গিয়েছিলেন বিশ্বাসের লড়াই তিনি পারবেন। আর আজ সেই সুপারস্টারই বলিউডের অন্যতম সেলেব্রিটি।

## সাইফ খুবই সাহসের পরিচয় দিয়েছে: অক্ষয়

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

বলিউড ইন্ডাস্ট্রিজে দীর্ঘদিনের বন্ধুত্ব সাইফ আলি খান ও অক্ষয় কুমারের। তারা একসঙ্গে কাজ করেছেন বহু ছবিতে। সম্প্রতি হামলার শিকার হয়ে হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন সাইফ। যদিও অনেকেই সাইফকে দেখতে হাসপাতালে ছুটে গিয়েছিলেন বি-টাউন থেকে। তবে অক্ষয় সেখানে যেতে না পারলেও বন্ধুকে নিয়ে প্রশংসা করতে ভোলেননি খিলাড়ি।

চলতি সপ্তাহে মুক্তি পাবে অক্ষয়ের নতুন ছবি 'স্কাইফোর্স'। মঙ্গলবার মুম্বাইয়ে এক সংবাদ



অক্ষয় কুমার ও সাইফ আলি খান

সম্মেলনে কলাকুশলীদের সঙ্গে উপস্থিত ছিলেন অক্ষয়। আর সেখানে সাংবাদিকরা তাকে সাইফের প্রসঙ্গে প্রশ্ন করতেই নিজেকে আর ধরে রাখতে পারেননি অক্ষয়। জানান, সম্পূর্ণ ঘটনায় সাইফ বীরত্বের পরিচয় দিয়েছেন।

অক্ষয় বলেন, 'ও যে এখন সুস্থ, সেটা জেনে আমি খুব খুশি। সমগ্র ইন্ডাস্ট্রিই খুশি। সে যেভাবে নিজের পরিবারকে রক্ষা করেছে, সেটা খুবই সাহসের পরিচয়।'

গত ১৬ জানুয়ারি নিজের বাড়িতেই অজ্ঞাতপরিচয় এক ব্যক্তির হাতে ছুরিকাঘাতের শিকার হন সাইফ। জানা গেছে, নিজের সন্তানদের রক্ষা করতেই আক্রান্ত হন অভিনেতা। তাকে ছয়বার কোপ মারা হয়। তারপর থেকে মুম্বাইয়ের একটি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন অভিনেতা। ইতোমধ্যে তিনি সেখান থেকে ছাড়া পেয়ে বাড়িতে পৌঁছে গেছেন।

## মঞ্চে অসুস্থ হয়ে হাসপাতালে মোনালি ঠাকুর



মোনালি ঠাকুর

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

ভারতের জনপ্রিয় সংগীতশিল্পী মোনালি ঠাকুরকে হাসপাতালে ভর্তি করা হয়েছে। দিনহাটায় অনুষ্ঠান করতে গিয়েছিলেন মোনালি ঠাকুর। নিঃশ্বাসের সমস্যায় মঞ্চেই অসুস্থ হয়ে পড়লেন তিনি। রাতেই তাকে ভর্তি করা হয়েছে হাসপাতালে।

ভারতীয় গণমাধ্যমের প্রতিবেদন অনুসারে, উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী উদয়ন গুহর পিতা তথা প্রাক্তন মন্ত্রী কমল গুহর ৯৮তম জন্মবার্ষিকী উপলক্ষে দিনহাটা উৎসবের আয়োজন করা হয়েছিল। দিনহাটা সংহতি ময়দানে একটি সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়, যেখানে উপস্থিত ছিলেন বহু বিশিষ্ট ব্যক্তিত্ব এবং স্থানীয় মানুষজন।

সেই অনুষ্ঠানের অন্যতম আকর্ষণ ছিলেন মোনালি ঠাকুর। তিনি মঞ্চে উপস্থিত থেকে গানের মাধ্যমে দর্শকদের মন জয় করেন। তবে অনুষ্ঠান শেষে হঠাৎ করেই অসুস্থ বোধ করেন মোনালি। তড়িঘড়ি তাকে দিনহাটা থেকে কোচবিহারে নিয়ে যাওয়া হয় ও স্থানীয় একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়।

শেষ পাওয়া খবর অনুযায়ী, বর্তমানে সেখানেই চিকিৎসা চলছে তার। অনুষ্ঠানের আয়োজকরা জানিয়েছেন, শিল্পীর চিকিৎসার সবরকম ব্যবস্থা হয়েছে। বিশিষ্ট চিকিৎসকরা তাঁর চিকিৎসার দায়িত্বে। মোনালি ঠাকুরের অসুস্থতার খবরে চিন্তিত অনুরাগীরা। সকলেই তার দ্রুতই সুস্থতার কামনা করেছেন।

# বাদোসা পাওলার গল্পটা অন্যরকম

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন



প্রচণ্ড একটা মানসিক দ্বন্দ্ব প্রতিনিয়ত কুরে কুরে খাচ্ছিল মেয়েটিকে। মেরুদণ্ডের ব্যথাটা তাঁর এতটাই গুরুতর, ঘুম ভাঙা প্রতিটি সকাল ঈশ্বরের আশীর্বাদ মনে করতে শুরু করেন পাওলা বাদোসা। ডাক্তার বলে দিয়েছেন, বছরে মাত্র তিনটি কর্টসন ইনজেকশন নিতে পারবেন। তার একটি বেশি হয়ে গেলে জীবন সংকট। এদিকে এপ্রিলের মধ্যেই দুটি নেওয়া হয়ে গেছে। বিছানার পাশে টেনিস র‍্যাকেটের দিকে তাকিয়ে তখন পাওলা নীরবে ভাবতে থাকেন, অস্ট্রেলিয়ান ওপেন শুরু হতে এখনও আট মাস বাকি। তিনি কি পারবেন মেলবোর্নের রেড লেভার অ্যারেনার কোর্টে দর্শকদের সামনে সার্ভ করতে।

সাহস দেন তাঁর চিকিৎসক, খাদ্যাভ্যাস বদলে দেন তাঁর নিউট্রিশনিস্ট, জিমের ধরন বদলে দেন তাঁর ইনস্ট্রাক্টর। এভাবে প্রতিটি দিন প্রতিটি মুহূর্তে এককেটি যুদ্ধ জয় করে অবশেষে অস্ট্রেলিয়ান ওপেনে পা পড়ল স্প্যানিশ কন্যা পাওলার। সেখানেই গতকাল যুক্তরাষ্ট্রের কোকো গফকে কোয়ার্টার ফাইনালে সরাসরি ৭-৫, ৬-৪ সেটে হারিয়ে দিয়েছেন।


দুই নম্বর র‍্যাঙ্কিংয়ে থাকা এই মার্কিন টেনিস তারকাকে যে পাওলা এতটা সহজেই নাস্তানাবুদ করে দেবেন, তা দেখে টেনিস বিশ্ব রীতিমতো অবাক। যিনি কিনা এক বছর আগেও র‍্যাঙ্কিংয়ে একশর মধ্যে ছিলেন না, সেই তিনি কিনা কোকো গফকে এভাবে হারিয়ে দিলেন। হাঁটু গেড়ে বসে মাটিতে মুখ লুকিয়ে কাঁদছিলেন পাওলা। পেছনের সে দিনগুলোর কথা মনে পড়ছিল কি তার?

‘ডাক্তার আমাকে খেলা ছেড়ে দিতে বলেছিলেন। আমি একটা শেষ চেষ্টা করতে চেয়েছিলাম এই অস্ট্রেলিয়ান ওপেনে অংশ নিতে। আমি এ জন্য আমার সেসব কোচিং স্টাফকে ধন্যবাদ দিতে চাই, যারা মানসিকভাবে আমাকে ভীষণভাবে শক্তি জুগিয়েছিলেন।’

বছর সাতাশের এই বার্সেলোনার মেয়ের জন্য এটিই ছিল ক্যারিয়ারের প্রথমবারের মতো কোনো গ্র্যান্ডস্লামের সেমিফাইনালে ওঠা। যেখানে তাঁকে আগামীকালই মোকাবিলা করতে হবে বর্তমান চ্যাম্পিয়ন সাবালেঙ্কাকে। পারবেন কি স্বপ্নের আরেকটু কাছে যেতে?

‘আমার এই সংগ্রাম তখনই শেষ হবে, যতক্ষণ না আমি এই টুর্নামেন্ট না জিতি।’ ম্যাচের পর সংবাদ সম্মেলনে পাওলার এই কথাগুলো ভীষণভাবে ছুঁয়ে যায় উপস্থিত সবাইকে। ২০২৩ সালে খেলতে গিয়ে গুরুতর ইনজুরিতে পড়েন তিনি। বড় বড় সার্ভ করা, গ্রাউন্ডস্ট্রোকসের পাশাপাশি বেসলাইনে ভীষণ আক্রমণাত্মক পাওলা।

## জোড়া গোলে রোনালদোর মাইলফলক, হাজার ছুঁতে কত দূর



স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

আল নাসেরের জার্সিতে এক ম্যাচ পর আবার জালের দেখা পেলেন ক্রিস্টিয়ানো রোনালদো। জোড়া গোল করে দলের জয়ে রাখলেন বড় অবদান। স্পর্শ করলেন দারুণ একটি মাইলফলকও।

সৌদি প্রো লিগে মঙ্গলবার (২১ জানুয়ারি) ম্যাচের ৩৪তম মিনিটে ১০ জনের দলে পরিণত হওয়া আল খালিজকে ৩-১ গোলে হারায় আল নাসের। গোলশূন্য প্রথমার্ধের পর ৬৫তম মিনিটে দলকে এগিয়ে নেন রোনালদো। সতীর্থের ব্যাকহিল পাসে নিচু শটে গোলটি করেন পর্তুগিজ মহাতারকা।

এই গোলে তিনি স্পর্শ করেন মাইলফলকটি। আল নাসেরের হয়ে একশ গোলে সম্পৃক্ত (গোল ও অ্যাসিস্ট) রইলেন ৩৯ বছর বয়সী ফরোয়ার্ড। ৮০তম মিনিটে পেনাল্টি থেকে সমতা টানে আল খালিজ। পরের মিনিটেই আল নাসের ফের এগিয়ে যায় সুলতান আল-ঘানামের গোলে। আর যোগ করা সময়ের শেষ মিনিটে নিজের দ্বিতীয় গোলটি করেন রোনালদো। বক্সে সতীর্থের পাস পেয়ে ফাঁকা জালে বল পাঠান তিনি।

আল নাসেরের জার্সিতে ৯২ ম্যাচে রোনালদোর গোল হলো ৮৩টি। সঙ্গে অ্যাসিস্ট আছে ১৮টি। তার ক্যারিয়ার গোল সংখ্যা হলো ৯১৯টি, হাজার গোলের মাইলফলক থেকে আর ৮১টি দূরে।

১৫ ম্যাচে ১৩ গোল করে এই মৌসুমে সৌদি প্রো লিগের সর্বোচ্চ স্কোরারও এখন রোনালদো। ১৬ ম্যাচে ৯ জয় ও ৫ ড্রয়ে ৩২ পয়েন্ট নিয়ে তিনে উঠেছে আল নাস্র। সমান ম্যাচে ৪০ পয়েন্ট নিয়ে আল ইত্তিহাদ দুইয়ে ও ৪৩ পয়েন্ট নিয়ে আল হিলাল শীর্ষে আছে।

## অধিনায়কদের ফটোশুটে পাকিস্তানে যাবেন না রোহিত

স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন

চ্যাম্পিয়ন্স ট্রফি নিয়ে ভারত-পাকিস্তান বোর্ডের বিতর্ক চলছেই। পাকিস্তানে ভারতীয় দলকে না পাঠানো নিয়ে শুরু। তারপর জার্সি ও কিটসে আয়োজক দেশের নাম না রাখা নতুন বিতর্ক সৃষ্টি করে ভারত।

এবার চ্যাম্পিয়ন্স ট্রফির আগে অধিনায়কদের সাংবাদিক সম্মেলন ও ফটোশুটে পাকিস্তানে যাবেন না ভারতীয় অধিনায়ক। সেই অনুষ্ঠানে রোহিত শর্মাকে যোগ দেওয়ার অনুমতি দেয়নি বিসিসিআই।

একটি ভারতীয় সংবাদমাধ্যমের রিপোর্ট অনুযায়ী, সাংবাদিক সম্মেলনের ও ফটোশুটের অনুষ্ঠান দুবাইয়ে করার জন্য আইসিসিকে আবেদন জানিয়েছে বিসিসিআই। যাতে রোহিত উপস্থিত থাকতে পারে। যা শুনে প্রচণ্ড ক্ষেপেছেন পিসিবির কর্তারা।

সমস্যা শুধু এখানেই নয়, ভারতের



রোহিত শর্মা

জার্সিতে পাকিস্তানের নাম লেখা চ্যাম্পিয়ন্স ট্রফি লাগানো নিয়েও ঝামেলা বেধেছে। ভারত এই লোগো জার্সিতে লাগাতে রাজি নয়।

পাকিস্তানের সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে এক পিসিবি কর্মকর্তা বলেন, 'বিসিসিআই ক্রিকেটের মধ্যে রাজনীতি নিয়ে আসছে। এটা খেলার জন্য ভাল নয়। ওরা পাকিস্তানে আসতে চায়নি। অধিনায়ককেও ছবি তোলার জন্য পাঠাতে রাজি নয়। এখন শুনছি, জার্সিতে পাকিস্তানের নামও রাখতে চাইছে না। আশা করব আইসিসি এমনটা হতে দেবে না।'

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali,P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR